

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৬

১/ পবিত্রতা (ﷺ کتاب الطهارة عن رسول الله) পরিচ্ছেদঃ এক মুদ পরিমান পানি দিয়ে উযু করা।

باب فِي الْوُضُوءِ بِالْمُدِّ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، وَعَلِيُّ بْنُ حُجْرٍ، قَالاَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةً، عَنْ أَبِي رَيْحَانَةَ، عَنْ سَفِينَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَتَوَضَّأُ بِالْمُدِّ وَيَغْتَسِلُ بِالصَّاعِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَجَابِرٍ وَأَنسِ بْنِ مَالِكِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَفِينَةَ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ . وَأَبُو رَيْحَانَةَ اسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ مَطَرٍ . وَهَكَذَا رَأَى بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْوُضُوءَ بِالْمُدِّ وَالْغُسْلُ بِالصَّاعِ . وَقَالَ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ لَيْسَ مَعْنَى هَذَا الْوَضُوءَ بِالْمُدِّ وَالْغُسْلُ بِالصَّاعِ . وَقَالَ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ لَيْسَ مَعْنَى هَذَا الْحَدِيثِ عَلَى التَّوْقِيتِ أَنَّهُ لاَ يَجُونُ أَكْثَرُ مِنْهُ وَلاَ أَقَلُّ مِنْهُ وَهُو قَدْرُ مَا يَكْفِي .

বাংলা

৫৬. আহমদ ইবনু মানী ও আলী ইবনু হজর (রহঃ) সাফীনা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএ ক মুদ পরিমাণ পানি দিয়ে উযূ (ওজু/অজু/অযু) এবং এক সা' পরিমাণ পানি দিয়ে গোসল করতেন। - ইবনু মাজাহ ২৬৭, তিরমিজী হাদিস নম্বরঃ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, জাবির ও আনাস ইবনু মালক রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন, সাফীনা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত এই হাদিসটি হাসান এবং সহীহ। রাবী আবূ রায়হানার নাম হল আবদুল্লাহ ইবনু মাতার। আলিমগণের কেউ কেউ একমুদ পরিপাণ পানি দিয়ে উযূ এবং সা' পরিমাণ পানি দিয়ে গোসল করার বিধান দিয়েছেন। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) বলেন, উযূ গোসলের জন্য বিশেষ এমন একটা পরিমাণ নির্ধারণ করা যে, এর কম বা বেশী পরিমাণ পানি ব্যাবহার করা জায়েয হবে না এই হাদিসটির মর্ম তা নয়। বরং কতটুকু পরমাণ পানি উযূ বা গোসলেন জন্য যথেষ্ট তা বর্ণনা করাই হল এর উদ্দেশ্য।

English

Safinah narrated:



"The Prophet would perform Wudu with a Mudd, and he would perform Ghusl with a Sa."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফীনাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন